বিপিএটিসি স্কুল এন্ড কলেজ

এসএসসি পরীক্ষা- ২০২১ এর

দ্বিতীয় প্রস্তুতিমূলক মূলায়ন

বিষয়-বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা

সময়-৩ ঘন্টা পূর্ণমান-১০০

সৃজনশীল অংশ-৭০

১। শাহবাজ বাংলার সুলতানি আমলের কিছু বাদশাহর ইতিহাস পাঠ করে। সুলতানি আমলের রাজা-বাদশাহের শাসনব্যবস্থা তার ভালো লাগে। কিছু কিছু সুলতানের শাসনব্যবস্থা আবার বেশ দুর্বল ছিল।

ক) লিওপোল্ড ফন র‍্যাংকে কে? ১

খ) ইতিহাসের পরিসর ব্যাখ্যা কর। ২

গ) শাহবাজের পড়া ইতিহাসগুলো কোন প্রকারের ইতিহাস? নিরূপণ কর। ৩

ঘ) শাহবাজের পাঠের বিষয়বস্তুতে ইতিহাসের সম্পূর্ণ অংশ প্রকাশ পায়নি। কথাটি বিশ্লেষণ কর। ৪

২। সুমি তার সন্তানকে লেখাপড়া শেখাচ্ছে। সে বিভিন্ন ছবি দেখিয়ে তার সন্তানকে ঐ জিনিসের নাম শেখাচ্ছে ও জিনিসটি চেনাচ্ছে। তাই দেখে সুমির বোন টুসি সুমিকে মিশরীয় সভ্যতার লোক বলে আখ্যায়িত করে।

ক) মিশরের সবচেয়ে পিরামিড কোনটি? ১

খ) মিশরীয় কারুশিল্পের বর্ণনা দাও। ২

গ) উদ্দীপকে সুমিকে মিশরীয় সভ্যতার লোক বলে আখ্যায়িত করে টুসি মিশরীয় সভ্যতার কোন দিকের প্রতি ইঙ্গিত করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ)সভ্যতায় মিশরীয়দের উক্ত অবদানের একপর্যায়ে তারা কাগজ আবিষ্কার করে-কথাটি বিশ্লেষণ কর। ৪

৩। এই পৃথিবীর সবকিছুর আদি কারণ কী? খ্রিষ্টপূর্ব ৪২৪ অব্দে এই প্রশ্নের উত্তর দিয়েছিলেন দার্শনিক থালেস। তিনি যুক্তি দিয়ে বলেছিলেন, এই পৃথিবীর আদি কারণ পানি। এজন্য থালেসকে দর্শনের জনক বলা হয়। এই দর্শনচর্চাকে আরও সামনের দিকে নিয়ে যান পরবর্তী দার্শনিক সক্রেটিস। প্লেটো ও অ্যারিস্টটল ছিলেন এদের মধ্যে অন্যতম।

ক) রোমান সভ্যতা কোন নদীর তীরে গড়ে উঠেছিল? ১

খ) সিন্ধু সভ্যতার সময়কাল ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে কোন সভ্যতার দার্শনিকদের দর্শনচর্চার কথা বলা হয়েছে? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) বিজ্ঞানের ক্ষেত্রে উক্ত সভ্যতার বিজ্ঞানীদের অবদান ছিল অপরিসীম-মূল্যায়ন কর। ৪

৪। মিনহাজ ও তার বন্ধু সোহান বার্ষিক পরীক্ষা শেষে কুমিল্লার ময়নামতিতে বেড়াতে যায়। তারা সেখানে জাদুঘরে প্রাচীন অনেক নিদর্শন দেখতে পায়। মিনহাজ বলল যে, এই অঞ্চলটি প্রাচীন একটি জনপদের অংশ। সোহান বলল যে, আমি বরেন্দ্র এলাকায় গিয়েছিলাম। এটি বরেন্দ্র জনপদের অন্তর্গত নয়।

ক) বড় কামতা কোথায় অবস্থিত? ১

খ) তাম্রলিপ্ত এলাকার বর্ণনা দাও। ২

গ) মিনহাজ প্রাচীন কোন জনপদের প্রতি ইঙ্গিত করেছে? নিরূপণ কর। ৩

ঘ) উদ্দীপকে সোহানের কথাটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৫। মনির ও শান্ত বাংলাদেশে রাজনৈতিক দলগুলোর জোটবদ্ধ হওয়ার প্রবণতা নিয়ে আলোচনা করছে। মনির বলল যে, পাকিস্তান আমলের প্রথম নির্বাচনে কতকগুলো দল জোটবদ্ধ হয়ে বিরাট সাফল্য লাভ করে। এর থেকে আমাদের দলগুলো জোটবদ্ধ হওয়ার প্রেরণা লাভ করে। শান্ত বলল যে, আমাদের জন্য ঐ নির্বাচনের তাৎপর্য অনেক।

ক) আওয়ামী মুসলীম লীগ কত দফা কর্মসূচি গ্রহণ করে? ১

খ) আওয়ামী লীগের নামকরণ কীভাবে হয়? ২

গ) উদ্দীপকে মনির কোন নির্বাচনের প্রতি ইঙ্গিত করে? বর্ণনা দাও। ৩

ঘ) তুমি কি মনে কর উদ্দীপকে শান্তর কথাটি যথার্থ? মতামত দাও। ৪

৬। পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত হওয়ার লক্ষ্যে নির্বাচনে বিজয়ী জাতীয় ও প্রাদেশিক পরিষদের সদস্য দ্বারা একটি সরকার গঠন করা হয়েছিল দক্ষিণ এশিয়ার একটি দেশ। উক্ত সরকারের উদ্দেশ্য ছিল দেশের পক্ষে বিশ্বজনমত সৃষ্টি করা, এ সরকারের মোট ১২টি মন্ত্রণালয় বা বিভাগ ছিল।

ক) মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কে ছিলেন? ১

খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধে ছাত্রদের ভূমিকার ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে পাঠ্যপুস্তকের যে সরকার ও তার কার্যক্রমের প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে- ব্যাখ্যা দাও। ৩

ঘ) তুমি কি মনে কর, এ ধরনের একটি সরকার গঠনের পরই বাংলাদেশে শুরু হয়েছিল চূড়ান্ত পর্যায়ে মুক্তিযুদ্ধ-উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭। যুদ্ধে জয়লাভ করে মন্টু সাহেব তার দেশের যুদ্ধে ধ্বংসপ্রাপ্ত কয়েকটি রাস্তা ,রেল ও বিমান যোগাযোগের উন্নয়নে কাজ করেন। তিনি কয়েকটি কার্যক্রমের মধ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ব্যাপক কার্যপ্রণালি প্রণয়ন করেন। তার এসব কার্যক্রম দেশব্যাপী প্রশংসিত হয়।

ক) বাংলাদেশকে প্রথম কোন দেশ স্বীকৃতি দিয়েছিল? ১

খ) প্রথম পাঁচসালা পরিকল্পনার ব্যাখ্যা দাও। ২

গ) উদ্দীপকে বাংলাদেশের যে সময়কালের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের চিত্র ফুটে উঠেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ) উদ্দীপকের মন্টু সাহেবের চেয়ে বঙ্গবন্ধু দেশ পুনর্গঠন ও উন্নয়নে অধিক পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করেন –মতামত দাও। ৪

সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও ৩০

১। ১৯৭২ সালের কত জানুয়ারি বঙ্গবন্ধু দেশে ফিরে এলেন?
২। গণপরিষদের একমাত্র কাজ কী ছিল?
৩। ১৯৭২ সালের কত নভেম্বর সংবিধান বিল গণপরিষদে পাস হয়?
৪। সংবিধানের ধর্মনিরপেক্ষতার অর্থ কী ছিল?
৫। শিখা চিরন্তন কোথায় স্থাপিত হয়?
৬। মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতি কে?
৭। জাতীয় স্মৃতিসৌধের উচ্চতা কত ফুট?
৮। সম্রাট আকবরের সময় বাংলা কী নামে পরিচিত হয়?
৯। ১৯৫৬ সাল অবধি বাংলাদেশ কী নামে পরিচিত ছিল?
১০। জাতীয় পতাকা প্রথমবারের মতো উত্তোলন করেন কে?
১১। মুক্তিযোদ্ধাদের লক্ষ্য কী ছিল?
১২। বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী কে?
১৩। আলবদর বাহিনীর প্রধান কে ছিলেন?
১৪। ১৯৭১ সালে ১৭ই জানুয়ারি কোন নির্বাচন অনুষ্ঠিত হয়?
১৫। পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তানের মধ্যে ব্যবধান কত ছিল?
১৬। কার নকশা ও পরিকল্পনায় শহিদ মিনার নির্মাণ করা হয়?
১৭। কত সালের সংবিধানে বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা দেওয়া হয়?
১৮। সবচয়ে ক্ষুদ্র জনপদ কোনটি?
১৯। বাংলা এখনকার বাংলাদেশের মতো কোনো একক ও অখন্ড রাষ্ট্র ছিল না কোন যুগে?
২০। রোমান সভ্যতা গড়ে ওঠে কীভাবে?
২১।প্রাচীন রোম কী নির্ভর দেশ ছিল?
২২। পৃথিবীর মানচিত্র প্রথম অঙ্কন করে কারা?
২৩। পেরিক্লিসের সময়কালকে গ্রিক সভ্যতার কী বলা হতো?
২৪। মহেঞ্জোদারোর অবস্থান কোথায়?
২৫। সিন্ধু সভ্যতার সমাজ কয়টি শ্রেণিতে বিভক্ত ছিল?
২৬। পৃথিবীর মানুষের মধ্যে প্রথমবারের মতো ঈশ্বরের ধারণা দেন কে?
২৭। মিশরের প্রথম নরপতি কে?
২৮। মিশরে কখন প্রথম সাম্রাজ্যের উদ্ভব ঘটে?
২৯। বাংলা ইতিহাস শব্দটি কোথা থেকে এসেছে?
৩০। ইতিহাস সম্পর্কে টয়েনবি কী বলেছেন?